

ঢাকা বিশ্ববিদ্যালয় আইআইটিতে অত্যাধুনিক ল্যাবরেটরি স্থাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) কে কোরিয়ান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা কোইকার সহযোগিতায় একটি অত্যাধুনিক

ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী ড. আব্দুল মঈন খান বুধবার এই ল্যাবরেটরির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত কোরিয়ার রট্রেদুত লি কিউ হাং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এস এম এ ফায়েজ কোইকা প্রতিনিধি লি ইয়াং সুক এবং আইআইটির পরিচালক প্রফেসর এ কে এম মকবুলুর রহমান বক্তৃতা করেন। কোইকা এ ল্যাবরেটরি স্থাপনে প্রায় ৪ কোটি টাকা আর্থিক সহযোগিতা প্রদান করেছেন।

ল্যাবে ৭০টি কম্পিউটার পিসি, প্রিন্টার, পাঁচটি সার্ভারসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক যন্ত্রপাতি রয়েছে। অনুষ্ঠানে বক্তৃতাকালে ড. মঈন খান বাংলাদেশের আইসিটি সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বর্তমান সরকার আইসিটি খাতের দ্রুত উন্নয়নের লক্ষ্যে স্বল্পতম সময়ের মধ্যে বেশ কয়েকটি যুগান্তকারী পদক্ষেপ বাস্তবায়ন করেছে। তিনি বলেন, আরো কয়েকটি পদক্ষেপ বাস্তবায়ন করবে। এতদ্বারা মধ্যে জাতীয় আইসিটি নীতিমালা অনুমোদন, আইসিটি ইনকিউবেটর স্থাপন ও রপ্তানি নীতিতে এ খাতকে অগ্রাধিকার বাত হিসেবে চিহ্নিত করা উল্লেখযোগ্য।

ড. মঈন খান ই-গভর্নেন্স এর ওপর গুরুত্বারোপ করে বলেন, স্বচ্ছতা ও জবাবদিহিতা গণতন্ত্র প্রতিষ্ঠার অন্যতম প্রধান ভিত্তি। তিনি বলেন, এক্ষেত্রে ই-গভর্নেন্সের গুরুত্ব অপরিমিত। পরে তিনি ল্যাবরেটরিতে পরিদর্শন করেন। তথ্য বিবরণী।